

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫]

২. কিতাবুল স্টীমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ স্টীমান কর্ম বেশী হয়

بَاب زِيَادَةِ الإِيمَانِ وَنَقْصَانِهِ

আরবী

— عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ: أَنَّ رَجُلًا مِنَ الْيَهُودِ قَالَ لَهُ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ, آيَةُ فِي كِتَابِكُمْ تَقْرَئُونَهَا لَوْ عَلِيْنَا مَعْشَرَ الْيَهُودِ نَزَّلَتْ لَتَخْذِنَا ذَلِكَ الْيَوْمَ عِيدًا. قَالَ: أَيُّ آيَةٍ؟ قَالَ: الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِيْنَكُمْ وَأَتَمَّتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيَتُ لَكُمُ الْإِسْلَامَ دِيْنًا ﴿١﴾ قَالَ: عَرَفْنَا ذَلِكَ الْيَوْمَ وَالْمَكَانَ الَّذِي نَزَّلْتُ فِيهِ عَلَى النَّبِيِّ وَهُوَ قَائِمٌ بِعِرَافَةَ يَوْمِ جُمُعَةٍ. (بخاري: ৪২)

বাংলা

৪২) উমার ইবনে খাত্বাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা জনেক ইহুদী তাঁকে বললঃ হে আমীরুল মুমিনীন! আপনাদের কিতাবে এমন একটি আয়াত রয়েছে যা আপনারা পাঠ করে থাকেন। তা যদি আমাদের উপর নায়িল হত, তাহলে আমরা (ইহুদীরা) এই দিনটিকে ঈদ হিসাবে গ্রহণ করতাম। উমার ইবনে খাত্বাব (রাঃ) বললেনঃ সেটি কোন্ আয়াত? ইহুদী বললঃ

﴿الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِيْنَكُمْ وَأَتَمَّتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيَتُ لَكُمُ الْإِسْلَامَ دِيْنًا﴾

“আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম। তোমাদের প্রতি আমার নেয়ামত সম্পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসাবে পছন্দ করলাম”। (সূরা মায়েদা: ৩) উমার (রাঃ) তখন বললেনঃ এই আয়াতটি কোন্ দিন কোন্ স্থানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর নায়িল হয়েছে তা আমি জানি। জুমআর দিন তিনি আরাফার মাঠে দাঁড়ানো থাকাবস্থায় এই আয়াতটি নায়িল হয়।

টিকাঃ উমার (রাঃ) ইহুদীকে বুঝিয়ে দিলেন, যে দিন এই আয়াতটি নায়িল হয়েছে সেই দিনটি মুসলিমদের কাছে ঈদ থেকেও বেশী গুরুত্বপূর্ণ। কারণ সেদিন ছিল মুসলিমদের সাঞ্চাহিক ঈদ শুক্রবার এবং মহান হজ্জের দিবস তথা আরাফা দিবস। এই দু'টি ফজিলতপূর্ণ দিনে এই আয়াতটি নায়িল হয়েছে। তথাপি এই দিনটিকে উদযাপন মূলক পালিত দিবস হিসাবে গ্রহণ করতে পারিনা। কারণ ইসলামে দুই ঈদ ব্যতীত উদযাপনের জন্য অন্য কোন

উপলক্ষ্য অনুমোদিত নয়।

## English

Faith increases and decreases

Narrated 'Umar bin Al-Khattab:

Once a Jew said to me, "O the chief of believers! There is a verse in your Holy Book Which is read by all of you (Muslims), and had it been revealed to us, we would have taken that day (on which it was revealed as a day of celebration)." 'Umar bin Al-Khattab asked, "Which is that verse?" The Jew replied, "This day I have perfected your religion For you, completed My favor upon you, And have chosen for you Islam as your religion." (5:3) 'Umar replied, "No doubt, we know when and where this verse was revealed to the Prophet. It was Friday and the Prophet (ﷺ) was standing at 'Arafat (i.e. the Day of Hajj)"

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৩

ইসলামিক সেন্টারঃ ৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাতাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88737>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন